



পার্বণ ২০২১



একটি লোক-সাংস্কৃতিক উৎসব
লোক নাচ - শাস্ত্রীয় নৃত্য - চিত্রাঙ্কন কর্মশালা
২৭, ২৮ ও ২৯ ডিসেম্বর, ২০২১

পরিকল্পনা, আয়োজন ও পরিচালনা : রামনগর অক্ষর কলামন্দির
মুখ্য সহযোগী : বেলপাহাড়ী টুরিজম অ্যাসোসিয়েশন
স্থানঃ বেলপাহাড়ী এস. সি. হাইস্কুল, বেলপাহাড়ী, ঝাড়গ্রাম

কৃতজ্ঞতা সম্মাননা

প্রতি

শ্রীযুত নবারুণ নায়ক

‘পার্বণ’-এর আলোক-সম্পাত শিল্পী

এগরা, পূর্ব মেদিনীপুর

‘পার্বণে’র ভাবনার সূত্রপাত অত্যন্ত আটপৌরে ও মরমী মনের অনুসন্ধানী এবং আবেগময় প্রকাশ। ভারতীয় সংস্কৃতির সংরক্ষণ, প্রসার ও শুদ্ধ বিনোদনের এই ব্যতিক্রমী বিনয়ী আয়োজনকে দায়বদ্ধতার বিশ্বাস থেকে উপস্থাপনা ও তা নির্মল ভাবে সফল করার প্রচেষ্টায় একজন সমভাবাপন্ন, উদার, পরোপকারী, সৎ চিন্তক, সাংস্কৃতিককর্মী ও সহনাগরিক রূপে আপনার ব্যক্তিসত্তা ও কার্যকলাপের প্রতি আমরা নত মস্তকে শ্রদ্ধা জানাই। অক্ষর কলামন্দিরের সাথে আপনার সম্পর্ক ভাবাবেগ ও আত্মীয়তার সাংস্কৃতিক বন্ধনে চিরকালীন হোক এই কামনা।

সুধাময় সাংস্কৃতিক আন্দোলনে আপনার মত স্পর্শকাতর সহ-বান্ধবের প্রতি কৃতজ্ঞতা জানাই।

সুস্থ থাকুন, দীর্ঘজীবী হোন।

২৭-১২-২০২১

বেলপাহাড়ী, ঝাড়গ্রাম

কল্যাণ দাস

সাংস্কৃতিককর্মী

রামনগর অক্ষর কলামন্দির

রামনগর, পূর্ব মেদিনীপুর

বি.বা.দী সংঘ ও পাঠাগার সম্মাননা

প্রতি-

বিশিষ্ট ও ব্যতিক্রমী আলোকসম্পাত শিল্পী এবং অধ্যাপক, এগরা
সারদা শশীভূষণ মহাবিদ্যালয়

মাননীয় **নবারুন নায়ক**
সমীপেষু



আলোকসম্পাত শিল্পী ও একজন সাংস্কৃতিক কর্মী রূপে অন্তহীন
সততা, দায়িত্ববোধ ও কর্তব্য পরায়ণতায় আপনি সমুজ্জ্বল।

আপনার জীবন দর্শন স্বচ্ছ-তোয়ার মতো নির্মল।

'সাংস্কৃতিক-দায়বদ্ধতা' এই শব্দযুগলের যথার্থ ও অপরিমেয় উদাহরণ
আপনি।

সৃষ্টিশীলতার প্রতি আপনার আগ্রহ চিরহরিৎ এর মতোই অফুরান।

সমকালীন আবহে আপনার সাধনা-অর্জিত লব্ধ জ্ঞানে আপনি সুবাসিত
ও প্রাসঙ্গিক।

আপনার সুস্থ, কর্মময় ও সুদীর্ঘ জীবন কামনা করি।

গুণমুগ্ধ শুভাকাঙ্ক্ষী

**বিনয়-বাদল-দীনেশ সংঘ ও
পাঠাগারের সভ্যবৃন্দে**

দয়ানিধিবাড় : দেপাল : রামনগর
পূর্ব মেদিনীপুর

২৪ জানুয়ারী, ২০২৪
রজত জয়ন্তী বর্ষ

নারায়ণবাড় উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (উঃ মাঃ)

স্থাপিত- ১৯৪৭

নারায়ণবাড় ঃঃ সবং ঃঃ পশ্চিম মেদিনীপুর

Madhyamik Index LI-175, H.S, Code- 205186

পত্রাঙ্ক-.....


তারিখ-.....২০/১২/২০২৪

বিষয়-

শংসাপত্র



এগরা নিবাসী শ্রীযুত নবাক্ষয় নায়ক প্রযুক্ত - নরনারায়ন নায়ক একজন আলোকসম্পাত শিল্পী। গত ২২,২৩ ও ২৪ ডিসেম্বর ২০২৩ এই তিন দিন পশ্চিম মেদিনীপুর শিহত নারায়ণবাড় উচ্চ বিদ্যালয়(উচ্চ মাধ্যমিক) নারায়ণবাড়, সবং, পশ্চিম মেদিনীপুর এর গৌরবময় ৭৫ বছর পূর্তি উৎসব উপলক্ষে তিন দিনের ব্যতিক্রমী সাংস্কৃতিক অনুষ্ঠানে আলোক সম্পাত শিল্পী হিসাবে মঞ্চের আলোক বিভাগের প্রধান দায়িত্ব পরিচালনা করেন। অত্যন্ত সফলতা ও দীর্ঘ কয়েক দশকের সূচরু অভিজ্ঞতাকে অবলম্বন করে রবীন্দ্র গীতিনাট্য 'বাল্মীকি প্রতিভা', জনপ্রিয় নৃত্যনাট্য 'মর্জিনা আব্দুল্লাহ' ও নানা বর্ণের বিভিন্ন প্রাদেশিক নৃত্য, রবীন্দ্র নৃত্য ও একটি পূর্ণাঙ্গ নাটকের আলোক সম্পাতের প্রধান দায়িত্ব সামলান। আগামী দিনে তাঁর অভিজ্ঞতা পরবর্তী প্রজন্মের মধ্যে ছড়িয়ে পড়ুক। তাঁর দীর্ঘ সুস্থ শিল্পী জীবন কামনা করি। শুভকামনা সহ—


প্রধান শিক্ষক ২০/১২/২০২৪
নারায়ণবাড় উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (উঃ মাঃ)
নারায়ণবাড় সবং, পশ্চিম মেদিনীপুর

(শ্রীচৈতন্য চরণ দাস অধিকারি)

প্রধান শিক্ষক

নারায়ণবাড় উচ্চ বিদ্যালয়(উচ্চ মাধ্যমিক)